

## টি আই এল লিমিটেড

[CIN: L74999WB1974PLC041725]

রেজিস্টার্ড অফিস : ১, তারাতলা রোড, গার্ডেন রীচ, কলকাতা - ৭০০ ০২৪  
ফোন : (০৩৩) ৬৬৩৩ ২০০০/২৮৪৫; ফ্যাক্স : (০৩৩) ২৪৬৯ ৩৭৩১/২১৪৩  
ওয়েবসাইট : www.tilindia.in

Tractors India

এতদ্বারা জানানো যাচ্ছে :

- (ক) টিআইএল লিমিটেডের ('কোম্পানির') সদস্যদের ৪০তম বার্ষিক সাধারণ সভা ৭ই আগস্ট, ২০১৫, শুক্রবার, সকাল ১০টায় কোম্পানির রেজিস্টার্ড অফিস : ১, তারাতলা রোড, গার্ডেন রীচ, কলকাতা-৭০০০২৪-এ অনুষ্ঠিত হবে। উক্ত বার্ষিক সাধারণ সভায় (সংক্ষেপে 'এজিএম') আলোচ্য বিষয়সূচি এজিএম নোটিসে বিবৃত আছে। এজিএম নোটিস, গ্র্যাটেনডেসপ্লিগ, প্রক্সি ফর্ম এবং ৩১শে মার্চ, ২০১৫-তে শেষ হওয়া বছর বাবদ বার্ষিক প্রতিবেদনের কপি ইলেকট্রনিক/ব্যবহারিক পদ্ধতিতে সদস্যদের কাছে পাঠানোর কাজ কোম্পানি ১৪ই জুলাই, ২০১৫ তারিখে সম্পন্ন করেছে। বার্ষিক প্রতিবেদনের কপি, এজিএমের নোটিস, গ্র্যাটেনডেসপ্লিগ ও প্রক্সি ফর্ম কোম্পানির ওয়েবসাইটেও পাওয়া যাবে যথা - [www.tilindia.in](http://www.tilindia.in) যে সকল সদস্য ব্যবহারিক পদ্ধতিতে উক্ত কাগজপত্র পেতে চাইছেন, তাদেরকে বিনামূল্যে তা তাঁদের নিবন্ধীকৃত ঠিকানায় পাঠিয়ে দেওয়া হবে। এর জন্য সদস্যদের প্রতি অনুরোধ, নিজ নিজ ডিপিআইডি-ক্রয়েন্ট আইটি/ফোলিও নং উল্লেখ করে একটি ই-মেল পাঠান এই ই-মেল ঠিকানায় : [secretarial.department@tilindia.com](mailto:secretarial.department@tilindia.com)
- (খ) কোম্পানি (ম্যানেজমেন্ট অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেশন) বিষয়ক সংবিধি, ২০১৪-র ২০ নং বিধান সহযোগে পঠনীয় কোম্পানি বিষয়ক আইন, ২০১৩-র ১০৮ নং ধারার বিধান অনুযায়ী কোম্পানি তার শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিংয়ের ব্যবস্থা করেছে, যাতে তাঁরা উক্ত এজিএমে তাঁদের ভোটাধিকার ইলেকট্রনিক পদ্ধতিতে প্রয়োগ করতে পারেন। সমস্ত শেয়ারহোল্ডারের জন্যই কোম্পানি ই-ভোটিং এঞ্জিন রেখেছে। এতদুদ্দেশ্যে, কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটারি লিমিটেড (এনএসডিএল)-এর সঙ্গে একটি চুক্তিতে আবদ্ধ হয়েছে; উদ্দেশ্য, এজিএমে আলোচ্য সমস্ত বিষয়সূচির ক্ষেত্রেই শেয়ারহোল্ডারগণ যাতে ইলেকট্রনিক পদ্ধতিতে নিজ নিজ ভোটাধিকার প্রয়োগ করতে পারেন।
- (গ) সভাতে ব্যালট পেপার ভোটিং-এর সুবিধাও পাওয়া যাবে এবং সভায় উপস্থিত আছেন; যাঁরা ই-ভোটিং মারফত ইতিমধ্যে তাদের ভোটদান করেননি, তাঁরা সভাতে তাঁদের অধিকার প্রয়োগ করতে পারবেন। ব্যালট ভোটিং-এর প্রাক্কালে পর্যাপ্ত স্বচ্ছতার জন্য অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, শেয়ারহোল্ডারগণ যাঁরা ইলেকট্রনিক পদ্ধতিতে তাঁদের ভোটার অধিকার প্রয়োগ করেছেন, তাঁরা ব্যালটের মাধ্যমে সভায় ভোট দিতে পারবেন না। কোম্পানির আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধনের শেয়ারগুলির অনুপাতে শেয়ারহোল্ডারদের ভোটের অধিকার নিখারিত হবে।
- (ঘ) সভার পূর্বে যে সকল সদস্য ইলেকট্রনিক পদ্ধতিতে তাঁদের ভোট প্রদান করেছেন, তাঁরা সভায় উপস্থিত থাকতে পারবেন, তবে তারা পুনরায় ভোট দিতে পারবেন না।
- (ঙ) যে সকল ব্যক্তি, যাদের নাম ভিত্তি তারিখ অর্থাৎ ৩১শে জুলাই, ২০১৫ তারিখ অনুযায়ী ডিপোজিটারি কর্তৃক রক্ষণাবেক্ষণ করা সুবিধাভোগী মালিকদের রেজিস্টারে বা সদস্যদের রেজিস্টারে নথিভুক্ত আছেন, কেবলমাত্র তাঁরাই ই-ভোটিং/ব্যালট ভোটিং-এর সুবিধা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। ইলেকট্রনিক ভোট প্রদানের জন্য ইউজার আইডি এবং পাসওয়ার্ড, ভিত্তি তারিখ অনুযায়ী সকল সদস্যের কাছে পাঠানো হবে।
- (চ) ই-ভোটিং মেয়াদ ৩রা আগস্ট, ২০১৫ (সকাল ৯টা আইএসটি) থেকে ৪ দিনের জন্য খোলা থাকবে এবং ৬ই আগস্ট, ২০১৫ (বিকেল ৫টা আইএসটি)-তে শেষ হবে। তারপর ভোটদানের জন্য এনএসডিএল কর্তৃক ই-ভোটিং মডিউল অযোগ্য বলে বিবেচনা করা হবে। সদস্যগণ কর্তৃক একবার একটি প্রস্তাবের ওপর ভোট দেওয়া হলে পরবর্তীকালে তা পরিবর্তন করা যাবে না। ই-ভোটিংয়ের জন্য বিস্তারিত প্রক্রিয়া/নির্দেশাবলী এজিএম-এর নোটিসে অন্তর্ভুক্ত থাকবে। কোনও অনুসন্ধান বা অভিযোগের ক্ষেত্রে আপনারা ফ্রিকোয়েন্টলি আঙ্কড কোয়েশ্বনস (এফএকিউএস) দেখতে পারেন এবং শেয়ারহোল্ডারদের জন্য ই-ভোটিং ইউজার ম্যানুয়াল <https://www.evoting.nsdl.com>-এর ডাউনলোড সেকশনে পাওয়া যাবে বা টোল ফ্রি নং ১৮০০-২২২-৯৯০-তে কল করতে পারেন।
- (ছ) অভিযোগসমূহ জানতে দায়িত্বপূর্ণ ব্যক্তিবর্গের যোগাযোগ সংক্রান্ত বিবরণঃ
- i) ব্যালটের মাধ্যমে ভোটদান :  
শ্রী কুন্ডল মুস্তাফি  
সিবি ম্যানেজমেন্ট সার্ভিসেস (পি) লিমিটেড  
পি-২২, বন্ডেল রোড, কলকাতা-৭০০ ০১৯  
টেলিফোন : (০৩৩) ৪০১১ ৬৭০০/৬৭১১/৬৭১৮, ই-মেল : [rta@cbmsl.com](mailto:rta@cbmsl.com)
- ii) ই-ভোটিং :  
শ্রী রাজিব রঞ্জন  
ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটারি লিঃ (এনএসডিএল)  
ট্রেড ওয়ার্ল্ড-এ ইউং, কমলা মিলস কম্পাউন্ড  
লোয়ার পারেল, মুম্বই-৪০০ ০১৩  
টেলিফোন : ০২২ ২৪৯৯ ৪৭৩৮, ই-মেল : [rajivr@nsdl.co.in](mailto:rajivr@nsdl.co.in)
- (জ) সংশ্লিষ্ট অ্যাক্টের ৯১ ধারা, কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যাণ্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল ১০ এবং স্টক এক্সচেঞ্জগুলোর সঙ্গে তালিকাভুক্তি চুক্তির প্রকরণ ১৬ অনুসারে এজিএম-এর উদ্দেশ্যে শনিবার ১লা আগস্ট, ২০১৫ থেকে শনিবার ৮ই আগস্ট ২০১৫ পর্যন্ত (উভয় দিন সমেত) কোম্পানির শেয়ার হস্তান্তর বইপত্র এবং সদস্যদের রেজিস্টার বন্ধ থাকবে।

স্থান : কলকাতা  
তারিখ : ১৫ই জুলাই, ২০১৫

টি আই এল লিমিটেড-এর পক্ষে  
শেখর ভট্টাচার্য  
কোম্পানি সেক্রেটারি